

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
 নগর উন্নয়ন অধিদপ্তর
 রিজিওনাল প্ল্যানিং
 www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৭

তারিখ: ১২ মাঘ ১৪২৮

২৬ জানুয়ারি ২০২২

বিষয়: ঢাকা জেলার কেরানীগঞ্জে ঢাকা-মাওয়া মহাসড়ক এর পাশে নোয়াদা বাঁঘের মৌজার "ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষন ইনস্টিটিউট" স্থাপনের জন্য ৫৮৬ (পাঁচশত ছিয়াশি) শতক ভূমি অধিগ্রহণের অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নংঃ ৫৮.০১.০০০০.১০৫.৫০.০০৪.২০২১-৯৬, তারিখঃ ৩১ অক্টোবর, ২০২১

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে প্রাপ্ত ঢাকা জেলার কেরানীগঞ্জে ঢাকা-মাওয়া মহাসড়ক এর পাশে নোয়াদা বাঁঘের মৌজার "ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষন ইনস্টিটিউট" স্থাপনের জন্য ৫৮৬ (পাঁচশত ছিয়াশি) শতক ভূমি অধিগ্রহণের অনাপত্তি সংক্রান্ত আবেদনপত্র যাচাই পূর্বক দেখা যায়, আবেদন পত্রের তফসিল নিম্নরূপঃ

মৌজার নাম	জে এল দাগ নাম্বার	আর এস দাগ নাম্বার	জমির পরিমাণ	সম্পূর্ণ/আংশিক
বাঁঘের	৮৭	৩৭৪০, ৩৭৪১, ৩৭৪২, ৩৭৪৩	৫৮৬ শতাংশ	সম্পূর্ণ
নোয়াদা	৯০	১৪, ২৮, ২৯, ৩০, ১৩৫, ১৪৫		সম্পূর্ণ

প্রস্তাবিত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন থেকে দেখা যায় এলাকাটি পতিত রয়েছে। এখানে কোনো ধরনের শিক্ষা এবং ধর্মীয় প্রতিষ্ঠান নাই। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইন্ড এরিয়া প্ল্যানের প্রস্তাবনা থেকে দেখা যায় "ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষন ইনস্টিটিউট" এর জন্য প্রস্তাবিত বাঁঘের মৌজাধীন এলাকা ওভারলে জোন হিসেবে চিহ্নিত এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র থেকে দেখা যায় নোয়াদা মৌজার প্রস্তাবিত এলাকা ডিটেইন্ড এরিয়া প্ল্যানের রাস্তার প্রস্তাবনা রয়েছে।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ অনাপত্তি/ছাড়পত্র সরবরাহ করেছে। এলাকাটি জনস্বার্থে ব্যবহৃত হবে বিধায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ছাড়পত্র প্রদান করা হলোঃ

১. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শর্ত মেনে চলতে হবে।
২. প্রস্তাবিত এলাকায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইন্ড এরিয়া প্ল্যানের প্রস্তাবিত রোড নেটওয়ার্কের স্থান সংরক্ষণ করতে হবে।
৩. স্বাভাবিক ডেনেজকে বাধাগ্রস্ত করা যাবে না।

সংযুক্তিঃ

১. পরিদর্শন প্রতিবেদন।
২. ডিটেইন্ড এরিয়া প্ল্যানের উপর এলাকা চিহ্নিত জমি।
৩. গুগল ম্যাপের উপর এলাকা চিহ্নিত জমি।
৪. মৌজা ম্যাপের উপর এলাকা চিহ্নিত জমি।
৫. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র।

২৬-১-২০২২

কাজী মোঃ ফজলুল হক

সিনিয়র প্ল্যানার

মহাপরিচালক

মহাপরিচালক-এর দপ্তর

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.৭/১(৫)

তারিখ: ১২ মাঘ ১৪২৮

২৬ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

Israt Jahan

২৬-১-২০২২

ইসরাত জাহান

প্ল্যানার